

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-১৩১

তারিখঃ ০৪/০৫/২০১৬
সময়ঃ বিকাল ৫.০০ টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ০৪.০৫.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।

০১। **আবহাওয়ার সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।**

সমুদ্র বন্দর সমূহের জন্য কোন সতর্কতা সংকেত নেই।

নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ (০৫.০৫.২০১৬ তারিখ ভোর রাত ০১ টা পর্যন্ত)

চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহের জন্য ০২(দুই) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। দেশের অন্যত্র পশ্চিম/উত্তর পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহের জন্য ০১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ রাজশাহী, রংপুর বরিশাল, চট্টগ্রাম, ঢাকা ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে।

তাপপ্রবাহঃ খুলনা, মংলা, সাতক্ষীরা ও যশোর অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

বিভাগের নাম	ঢাকা	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.০	৩৪.০	৩৩.০	৩৪.৬	৩৩.২	৩৬.৬	৩৫.৫
সর্বনিম্ন তাপমাত্রা	২১.২	২২.৮	২০.৪	২১.৬	২১.৪	২১.৯	২৩.০

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৬.৬ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল রংপুর ১৯.৪ ডিগ্রী সে।

০২। **নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)**

মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা	৮৫ টি	পানি স্থিতিশীল রয়েছে	০৮ টি
পানি বৃদ্ধি পেয়েছে	৩০ টি	তথ্য পাওয়া যায়নি	১২ টি
পানি হ্রাস পেয়েছে	৩৫ টি	বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে	০০ টি

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র নদের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে যমুনা এবং পদ্মা নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- সুরমা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে অপরদিকে কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে।
- আগামী ২৪ ঘন্টায় উত্তর-পূর্বাঞ্চলের নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা জেলায় আকস্মিক বন্যা হওয়ার সম্ভাবনা রয়েছে।

০৩। **গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৯ টা থেকে আজ সকাল ৯ টা পর্যন্ত)**

স্টেশন/ জেলার নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)	স্টেশন/ জেলার নাম	বৃষ্টির পরিমাণ (মিমি)
হবিগঞ্জ	৫৬.৫	ময়মনসিংহ	৩২.৩
মনু রেলওয় স্ট্রীজ	৩২.০	রাজশাহী	৩০.০

০৪। **অগ্নিকাণ্ডঃ**

ঢাকাঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ ০৪.০৫.২০১৬ তারিখ সকাল ৮-৩৫ টার সময় ফার্মগেইট, গ্রীণরোড এলাকায় অবস্থিত আমবাগান আবাসিক এলাকায় এক অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ১০টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে সকাল ০৯-৪৫ টায় আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। অগ্নিকাণ্ডের ফলে ১০ জন মালিকের কাঁচা/সেমিপাকা বসতঘরের ৫৫টি কক্ষ পুড়ে যায়। আনুমানিক ৩০ লক্ষ টাকার মালামাল ক্ষয়ক্ষতি হয়েছে এবং উদ্ধারকর্মীগণ প্রায় ০১ কোটি টাকার মালামাল উদ্ধার করেছেন। এ ঘটনায় কেউ হতাহত হয়নি। আগুন লাগার কারণ তদন্ত সাপেক্ষ বলে তিনি জানান।

* দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC** (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭x২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC**'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/**email** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০

Email: ndrcc.dmr@gmail.com

স্বাক্ষরিত/-
(মোঃ আমিনুল ইসলাম)
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৬৬৬৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।